কুলাউড়ার প্রবাসী সমাজসেবী শহীদ চৌধুরী ও সেলিমের সম্মানে সিলেটে অন্তরঙ্গ আড্ডা

চেম্বার ডেস্ক: মৌলভীবাজার জেলার কুলা্উড়া উপজেলাধীন ঐতিহাসিক ভাটেরা ইউনিয়নের দুই প্রবাসী সমাজসেবী কামাল ইবনে শহীদ চৌধুরী ও জুবায়ের সিদ্দিকী সেলিমের সম্মানে ভাটেরিয়ান সিলেট এর এক অন্তরঙ্গ আড্ডা গতকাল ২৯ জানুয়ারি সিলেট মহানগরীর পূর্ব জিন্দাবাজারস্থ গ্র্যান্ড বাফেট এন্ড বেনকুইট হলে সন্ধ্যা ৮টায় অনুষ্ঠিত হয়।
ভাটেরিয়ান সিলেট এর সাধারণ সম্পাদক মো. মোস্তাফিজুর রহমান খান টিপুর সঞ্চালনায় এ অন্তরঙ্গ আড্ডায় সভাপতিত্ব করেন ভাটেরিয়ান সিলেট এর সভাপতি মুহাম্মদ লুৎফুর রহমান।
ভাটেরিয়ান সিলেট এর সদস্য এজাজ খানের কুরআন তেলাওয়াতের মাধ্যমে শুরু হওয়া এ অনুষ্ঠানে স্বাগত ব্যক্তব্য রাখেন সংগঠনের সহসম্পাদক মুহিবুর রহমান শামীম।
ভাটেরা এলাকার উন্নয়ন, সমস্যা ও পর্যটন সম্ভাবনা সহ বিভিন্ন বিষয়ে মতবিনিময়মূলক এ সভায় বক্তব্য রাখেন ভাটেরিয়ান সিলেট এর সহসভাপতি মো. শফিক মিয়া ও আহমদ কবির রিপন, অর্থসম্পাদক মো. লুৎফুর রহমান, শিক্ষা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক শামসুল ইসলাম, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আব্দুর রহমান খান, ভাটেরা থেকে আগত আব্দুল লতিফ, স্কলার্সহোম মেজরটিলা শাখার শিক্ষক মাওলানা সাইফুল্লাহ বিন নামর প্রমুখ।
সংবর্ধিত অতিথির বক্তব্য রাখেন বিশিষ্ট সমাজসেবী, শিক্ষানুরাগী যুক্তরাজ্য প্রবাসী কামাল ইবনে শহীদ চৌধুরী, জুবায়ের সিদ্দিকী সেলিম ও মনসুর আহমদ তালুকদার মনফর।
সংবর্ধিত অতিথিগণ তাঁদের বক্তব্যে বলেন-ভাটেরাবাসীর ঐক্যের প্রশ্নে, ভাটেরার শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থানসহ ঐতিহাসিক ভাটেরার সামগ্রিক উন্নয়নে আমরা ঐক্যবদ্ধ। রাজনৈতিক দলমত ভাটেরাবাসীর সম্প্রীতি ও উন্নয়ন কোনওভাবে বাধা সৃষ্টি করবে না। কোনও অপতৎপরতার পাঁয়তারা করা হলে ভাটেরাবাসী সম্মিলিতভাবে মোকাবেলা করবে ইনশাল্লাহ ।
ভাটেরিয়ান সিলেট এর ভূয়সী প্রশংসাপূর্বক সংগঠনের জীবনসদস্য পদ গ্রহণে আগ্রহ প্রকাশ করে বলেন, ভাটেরিয়ান সিলেট সূচিত সকল

কর্মসূচিতে আমাদের সম্পৃক্ত করবেন-আপনাদের সকল সেবামূলক কাজে আমরা অংশগ্রহণ করবো ইনশাল্লাহ।
সভায় সম্প্রতি ভাটেরায় সংঘটিত লিল মিয়া হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানানো হয় এবং হত্যকাণ্ডে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করায় হয়।
নৈশভোজের মধ্য দিয়ে আড্ডার সমাপ্তি ঘটে।